



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ জুন' ২০২৩।

চট্টগ্রাম নগর আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক আবদুল আহাদের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়রের শোকপ্রকাশ

চট্টগ্রাম নগর আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক আবদুল আহাদের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, শ্রমিকদের ভাগ্যবদ্ধলের যে স্বপ্ন বঙ্গবন্ধু দেখেছিলেন তা বাস্তবায়নে আবদুল আহাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। বিশেষ করে চট্টগ্রাম বন্দরের ডক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করার মাধ্যমে চট্টগ্রাম বন্দরকেন্দ্রিক শ্রমিক রাজনীতিতে বহু আন্দোলন-সংগ্রামে নেতৃত্বান্বিত আবদুল আহাদ। তাঁর মৃত্যুতে রাজনৈতিক অঙ্গণে যে শুণ্যতার সৃষ্টি হয়েছে তা পুরণ হবার নয়। এ বৰ্ষিয়ান রাজনীতিবিদের মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হলো। তবে, প্রজন্ম থেকে থেকে প্রজন্মে একজন আদর্শিক নেতা হিসেবে কর্মীদের অনুপ্রেরণার উৎস হয়ে তিনি বেঁচে থাকবেন। তার কর্ম এবং সাংগঠনিক কৌশল আমাদের জন্য অনুসরণীয় হয়ে থাকবে।

মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তুষ্ট পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

দক্ষিণ মধ্যম হালিশহরে খালের মাটি উন্মোলন কাজের উদ্বোধন সহ
বিভিন্ন রাস্তার উন্নয়ন কাজ পরিদর্শন করেন ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহর নগরীর দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ডস্থ তৈয়াবিয়া ইসলামিয়া সুন্নিয়া ফাযিল মাদরাসা সংলগ্ন খালের মাটি উন্মোলন কাজের উদ্বোধন ও বিভিন্ন রাস্তার উন্নয়ন কাজ পরিদর্শন করেন। এছাড়াও ওমর শাহ পাড়া রোড, কলসী দি পাড় হতে ফুরন্নার মার ডোর রোড, গোল মোহাম্মদ রোডের উন্নয়ন সহ ইশান মিস্ত্রি হাট রোডের উন্নয়ন কাজ পরিদর্শন করেন। বৃহস্পতিবার সকালে স্থানীয় কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী আশিকুর ইসলাম, প্রকৌশলী মোহাম্মদ আলী সহ উন্নয়ন কাজ পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন-মো. হাসান মুরাদ, হাজী মো. হাসান সহ স্থানীয় নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮